গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬, বাংলাদেশ
টেলিফোন-(০২) ৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪

Gazipur Agricultural University
GAZIPUR-1706, BANGLADESH. TELEPHONE-(02) 996695323, FAX-880-02-996695316, 996695333, PABX- 996695310-14, WEB-

স্মারক নং-গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়/প্রশা:/এন-২২/২০২৫/৩৮০ তারিখ: ১৩/০২/২০২৫

বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক অধ্যাদেশ নং ০৫, ২০২৫ প্রণয়ন ও জারীর ফলে সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, মুদ্রণ ও প্রকাশনা শাখা কর্তৃক ১২ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে বিশ্ববিদ্যালয় সংক্রান্ত কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত অধ্যাদেশ এর ০২ ধারা নিম্নরূপ:

“**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৬ নং আইন) এর সংশোধন**-(১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৬ নং আইন) এর-

(ক) সর্বত্র উল্লিখিত “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়” শব্দগুলির পরিবর্তে “গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “Bangabandhu Sheikh Mujibur Rahman Agricultural University” শব্দগুলির পরিবর্তে “Gazipur Agricultural University” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।”

জারীকৃত অধ্যাদেশবলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ এর অধীন প্রণীত কোনো বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়” শব্দগুলির পরিবর্তে “গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৩.০২.২০২৫

(মো. আবদুল্লাহ মৃধা)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)

স্মারক নং-গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়/প্রশা:/এন-২২/২০২৫/৩৮০ তারিখ:
১৩/০২/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, জনবিভাগ, মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬. মাননীয় ভাইস-চ্যান্সেলর, সকল সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়।
৭. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৮. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১০. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ, বাড়ি নং-৩/কে এইচ এ/১, শ্যামলী, ঢাকা-১২০৭।
১১. প্রো-ভাইস-চ্যান্সেলর, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়গা।
১২. ট্রেজারার, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।
১৩. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেইট, ঢাকা।
১৪. মহাপরিচালক, বিএআরআই/বিআরআরআই/মৎস্য গবেষণা ইনস্টিটিউট/বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।
১৫. রেজিস্ট্রার, সকল সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়।
১৬. সকল ডীন, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।
১৭. সদস্য-সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি, কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫।
১৮. পরীক্ষা নিয়ন্ত্রক, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।
১৯. সকল বিভাগীয় প্রধান, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।
২০. সকল পরিচালক ও গ্রন্থাগার প্রধান, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।
২১. প্রক্টর, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।
২২. পুলিশ কমিশনার, জিএমপি, গাজীপুর।
২৩. পিআইডি, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
২৪. সকল হল প্রভোস্ট, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।
২৫. জেলা প্রশাসক/পুলিশ সুপার/সিভিল সার্জন, গাজীপুর।
২৬. সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।
২৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৮. সভাপতি/সাধারণ সম্পাদক, গাজীপুর প্রেসক্লাব, গাজীপুর।
২৯. ম্যানেজার (সোনালী ব্যাংক পিএলসি/এনআরবিসি), গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় শাখা।
৩০. সেকশন অফিসার, ট্রেজারার দপ্তর, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।
৩১. AHE, রেজিস্ট্রার দপ্তর, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাস্টার কপি)।
৩২. অফিস নথি।
৩৩. সকল নোটিশ বোর্ড, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।

১৩/০২/২০২৫

(মোহাম্মদ শাহ আলম মোল্লাহ)
সহকারী রেজিস্ট্রার

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ২৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং **০৫ (মু: ও প্র:)।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ০৫, ২০২৫

বিশ্ববিদ্যালয় সংক্রান্ত কতিপয় আইন সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু একাধিক পাবলিক বিশ্ববিদ্যালয়ের নামকরণের জন্য একই ধরনের নাম ব্যবহারের কারণে বিভ্রান্তি সৃষ্টির প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের পরিচিতি ও অবস্থান নির্ধারণের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় সংক্রান্ত নিম্নরূপ কতিপয় আইন সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাংগিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই অধ্যাদেশ বিশ্ববিদ্যালয় সংক্রান্ত কতিপয় আইন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ নামে অভিহিত হইবে।

মূল্য : ৮.০০

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৬ নং আইন) এর সংশোধন।**—(১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৬ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabandhu Sheikh Mujibur Rahman Agricultural University" শব্দগুলির পরিবর্তে "Gazipur Agricultural University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ এর অধীন প্রণীত কোনো বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

৩। **বংগবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৩৬ নং আইন) এর সংশোধন।**—(১) বংগবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৩৬ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত "বংগবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabondhu Sheikh Mujibur Rahman Science and Technology University" শব্দগুলির পরিবর্তে "Gopalganj Science and Technology University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বংগবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর অধীন প্রণীত কোনো বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বংগবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

৪। **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৭ নং আইন) এর সংশোধন।**—(১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৭ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ” শব্দগুলি ও কমার পরিবর্তে “বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৪ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabandhu Sheikh Mujibur Rahman Maritime University, Bangladesh" শব্দগুলি ও কমার পরিবর্তে "Bangladesh Maritime University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ” শব্দগুলি ও কমার পরিবর্তে “বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি” শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

৫। **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৬ (২০১৬ সনের ৩১ নং আইন) এর সংশোধন।**—(১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৬ (২০১৬ সনের ৩১ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ” শব্দগুলি ও কমার পরিবর্তে “গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabandhu Sheikh Mujibur Rahman Digital University, Bangladesh (BDU)" শব্দগুলি, কমা ও বন্ধনীর পরিবর্তে "Gazipur Digital University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৬ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ” শব্দগুলি ও কমার পরিবর্তে “গাজীপুর ডিজিটাল ইউনিভার্সিটি” শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

৬। **বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০১৭ (২০১৭ সনের ২৪ নং আইন) এর সংশোধন।**—(১) বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০১৭ (২০১৭ সনের ২৪ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত “বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” শব্দগুলির পরিবর্তে “জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangamata Sheikh Fojilatunnesa Mujib Science & Technology Universtity" শব্দগুলির পরিবর্তে "Jamalpur Science & Technology University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০১৭ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

৭। **শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় আইন, ২০১৮ (২০১৮ সনের ০৯ নং আইন) এর সংশোধন।**—(১) শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় আইন, ২০১৮ (২০১৮ সনের ০৯ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত "শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "নেত্রকোণা বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Sheikh Hasina University" শব্দগুলির পরিবর্তে "Netrokona University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় আইন, ২০১৮ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "নেত্রকোণা বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

৮। **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় আইন, ২০১৯ (২০১৯ সনের ০৫ নং আইন) এর সংশোধন।**—(১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় আইন, ২০১৯ (২০১৯ সনের ০৫ নং আইন) এর—

(ক) ধারা ৭৩ ব্যতীত সর্বত্র উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(খ) ধারা ৪ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabandhu Sheikh Mujibur Rahman Aviation and Aerospace University" শব্দগুলির পরিবর্তে "Aviation and Aerospace University, Bangladesh" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) ধারা ২৮ এর উপ-ধারা (১) এর দফা (ড) এ উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ" শব্দগুলি ও কমার পরিবর্তে "বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় আইন, ২০১৯ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ" শব্দগুলি ও কমা, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

৯। **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ আইন, ২০২০ (২০২০ সনের ১৭ নং আইন) এর সংশোধন।**—(১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ আইন, ২০২০ (২০২০ সনের ১৭ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ" শব্দগুলি ও কমার পরিবর্তে "কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabandhu Sheikh Mujibur Rahman University, Kishoreganj" শব্দগুলি ও কমার পরিবর্তে "Kishoreganj University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ আইন, ২০২০ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ" শব্দগুলি ও কমার পরিবর্তে "কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

১০। **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর আইন, ২০২২ (২০২২ সনের ০২ নং আইন) এর সংশোধন।**—(১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর আইন, ২০২২ (২০২২ সনের ০২ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর" শব্দগুলি ও কমার পরিবর্তে "পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabandhu Sheikh Mujibur Rahman Science and Technology University, Pirojpur" শব্দগুলি ও কমার পরিবর্তে "Pirojpur Science and Technology University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর আইন, ২০২২ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর" শব্দগুলি ও কমার পরিবর্তে "পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

১১। **মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর আইন, ২০২৩ (২০২৩ সনের ০৮ নং আইন) এর সংশোধন।**—(১) মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর আইন, ২০২৩ (২০২৩ সনের ০৮ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত "মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর" শব্দগুলি ও কমার পরিবর্তে "মেহেরপুর বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Mujibnagar University, Meherpur" শব্দগুলি ও কমার পরিবর্তে "Meherpur University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর আইন, ২০২৩ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর" শব্দগুলি ও কমার পরিবর্তে "মেহেরপুর বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

১২। **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, নওগাঁ আইন, ২০২৩ (২০২৩ সনের ০৯ নং আইন) এর সংশোধন।**—(১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, নওগাঁ আইন, ২০২৩ (২০২৩ সনের ০৯ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, নওগাঁ" শব্দগুলি ও কমার পরিবর্তে "নওগাঁ বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabandhu Sheikh Mujibur Rahman University, Naogaon" শব্দগুলি ও কমার পরিবর্তে "Naogaon University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, নওগাঁ আইন, ২০২৩ এর অধীন প্রণীত কোনো বিশ্ববিদ্যালয় বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, নওগাঁ" শব্দগুলি ও কমার পরিবর্তে "নওগাঁ বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

১৩। **বঙ্গবন্ধু শেখ মুজিব শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩ (২০২৩ সনের ৫১ নং আইন) এর সংশোধন।**—(১) বঙ্গবন্ধু শেখ মুজিব শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩ (২০২৩ সনের ৫১ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিব শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Bangabandhu Sheikh Mujib Shariatpur Agricultural University" শব্দগুলির পরিবর্তে "Shariatpur Agricultural University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিব শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২৩ এর অধীন প্রণীত কোনো বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "বঙ্গবন্ধু শেখ মুজিব শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয়" শব্দগুলির পরিবর্তে "শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

১৪। **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ আইন, ২০২৩ (২০২৩ সনের ৬০ নং আইন) এর সংশোধন।**—(১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ আইন, ২০২৩ (২০২৩ সনের ৬০ নং আইন) এর—

(ক) সর্বত্র উল্লিখিত "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ" শব্দগুলি ও কমার পরিবর্তে "নারায়ণগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "Jatir Pita Bangabandhu Sheikh Mujibur Rahman Science and Technology University, Narayanganj" শব্দগুলি ও কমার পরিবর্তে "Narayanganj Science and Technology University" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ আইন, ২০২৩ এর অধীন প্রণীত কোনো বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ, বিধান বা অন্য কোনো আইনগত দলিল, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে উল্লিখিত "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ" শব্দগুলি ও কমার পরিবর্তে "নারায়ণগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শব্দগুলি, প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রতিস্থাপিত হইবে।

১৫। **অসুবিধা দূরীকরণ।**—এই অধ্যাদেশ কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা বা অসুবিধা পরিলক্ষিত হইলে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশের বিধানের সহিত সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে, উক্তরূপ অস্পষ্টতা বা অসুবিধা দূর করিতে পারিবে।

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

তারিখ: ২৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

ড. হাফিজ আহমেদ চৌধুরী
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd